

জাতীয় শোক দিবস উদযাপন

গত ১৭ আগস্ট বিকাল ৩টায় প্রবাসী কল্যাণ ভবনের ২য় তলা ব্রিফিং সেন্টারে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে এক আলোচনা শোকসভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়। এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব ড. নমিতা হালদার এনডিসি। বঙ্গবন্ধুর উপর একটি প্রামাণ্য চিত্র প্রদর্শনের মাধ্যমে অনুষ্ঠান শুরু করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে ভারপ্রাপ্ত সচিব বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যবৃন্দ ১৯৭৫ সালের ১৫ আগস্ট বিশ্ব ইতিহাসের বর্বরতম হত্যাকাণ্ডের শিকার হন। তাঁর লালিত স্বপ্ন সততা ও নিষ্ঠার সাথে বাস্তবায়ন করে দেশকে এগিয়ে নিয়ে যেতে হবে। তিনি আরও বলেন, বঙ্গবন্ধু প্রণীত সংবিধানে কর্মকর্তা বলে কিছু নেই, আছে শুধু কর্মচারী। তারা জনগণের খাদেম বা সেবক। সেটি সবাইকে স্মরণ রাখা প্রয়োজন। জনগণ সেবা নিতে এসে যেন হয়রানির স্বীকার না হয় সেদিকে সবাইকে সতর্ক থাকতে হবে। কারণ, এদেশের জেলে, মজুর, কামার, কুমারের ট্যাক্সের পয়সায় আমাদের বেতন হয়। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর পিতার মতো দেশ ও দেশের জনগণের সেবায় সদা নিয়োজিত রয়েছেন। তিনি আরও বলেন, দেশের জনগণের জন্য বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবার যে আত্মত্যাগ করেছেন, তা বিশ্ববাসীর নিকট চিরস্মরণীয় হয়ে থাকবে।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) জাবেদ আহমেদ-এর সভাপতিত্বে আরও বক্তব্য রাখেন ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মরণ কুমার চক্রবর্তী এবং জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো'র অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) মোঃ আব্দুল হাই। বক্তারা তাদের বক্তব্যে ১৯৭৫ সালের ১৫ই আগস্টের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সদস্যদের আত্মত্যাগের কথা স্মরণ করে জাতীয় শোক দিবসের তাৎপর্যের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। বঙ্গবন্ধুর স্মরণে কবিতা আবৃত্তি করেন এ মন্ত্রণালয়ের উপসচিব ফাতেমা জাহান ও সিনিয়র সহকারী সচিব রাবেয়া বসরী। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন মন্ত্রণালয়ের উপসচিব কাজী আবেদ হোসেন ও সিনিয়র সহকারী সচিব রুমানা রহমান শম্পা।

জাতীয় শোক দিবস ও স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাত বার্ষিকী উপলক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত অনুষ্ঠানটি দুটি পর্বে বিভক্ত ছিল। প্রথম পর্বে বঙ্গবন্ধুর জীবনী ও আদর্শ নিয়ে আলোচনা এবং দ্বিতীয় পর্বে জাতির পিতাসহ তাঁর পরিবারের পরলোকগত সদস্যদের মাগফিরাত কামনায় দোয়া ও মোনাজাত করা হয়। অনুষ্ঠানে মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর সংস্থার উর্ধ্বতন কর্মকর্তা/কর্মচারীসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

